# সংক্ষিপ্তসার

## ***প্রশ্ন # 1: প্রচারের অর্থায়নের সংক্ষিপ্তসার***

এই প্রস্তাবটি সিটির নির্বাচিত দপ্তরের কোনো প্রার্থী কোনো চাঁদাদাতার থেকে যে পরিমাণ অর্থ গ্রহণ করতে পারেন তা কমাতে সিটি চার্টারের সংশোধন করবে। এটি সিটির সরকারি অর্থায়ন কার্যক্রমে যে প্রার্থী অংশগ্রহণ করছেন তার দ্বারা গ্রহণ করা চাঁদার পরিমাণের একটি অংশের সমতুল্য সরকারি অর্থায়নের পরিমাণকেও বৃদ্ধি করবে। সেইসঙ্গে, এই প্রস্তাবটি নির্বাচনের বছরে যে অংশগ্রহণকারী প্রার্থীরা অর্থায়নের প্রয়োজন দেখাতে পারবেন তাদের কাছে সমতুল্য সরকারি অর্থায়ন আরও আগে থেকে উপলব্ধ করবে। এটি মেয়র (Mayor), কম্পট্রোলার (Comptroller) বা পাবলিক অ্যাডভোকেট (Public Advocate) পদপ্রার্থীদের সমতুল্য সরকারি অর্থায়নের যোগ্য হতে আবশ্যক প্রয়োজনীয়তাগুলিকেও আরও সহজ করবে।

**চাঁদার সীমা।** বর্তমানে, কোনো প্রার্থী নির্বাচন চক্র প্রতি (প্রাইমারি ও সাধারণ, উভয় নির্বাচন সহ) কোনো চাঁদাদাতার থেকে সর্বাধিক যে পরিমাণ অর্থ গ্রহণ করতে পারেন তা হল (ক) মেয়র, পাবলিক অ্যাডভোকেট, বা কম্পট্রোলার ("সিটি জুড়ে থাকা দপ্তরগুলি") পদপ্রার্থীদের জন্য $5,100; (খ) বরো প্রেসিডেন্ট পদপ্রার্থীদের জন্য $3,950; এবং (গ) সিটি কাউন্সিলের পদপ্রার্থীদের জন্য $2,850। এই সীমাগুলি, যারা সরকারি অর্থায়ন কার্যক্রমে অংশ নেওয়া বেছে নেবেন ("অংশগ্রহণকারী প্রার্থীগণ") এবং অংশ নেওয়া বেছে নেবেন না ("অংশগ্রহণ করছেন না এমন প্রার্থীগণ"), উভয়ের জন্যই প্রযোজ্য হবে এবং সেগুলি মুদ্রাস্ফীতি অনুসারে সূচিভুক্ত হবে।

প্রস্তাবিত চার্টার সংশোধনীসমূহের অধীনে এই চাঁদার সীমাগুলি কমিয়ে দেওয়া হবে। কোনো *অংশগ্রহণকারী* প্রার্থী নির্বাচন চক্র প্রতি কোনো চাঁদাদাতার থেকে সর্বাধিক যে পরিমাণ অর্থ গ্রহণ করতে পারেন তা হল মেয়র, পাবলিক অ্যাডভোকেট, বা কম্পট্রোলার পদপ্রার্থীদের জন্য $2,000; বরো প্রেসিডেন্ট পদপ্রার্থীদের জন্য $1,500; এবং সিটি কাউন্সিলের পদপ্রার্থীদের জন্য $1,000। *অংশগ্রহণ করছেন না এমন* কোনো প্রার্থী নির্বাচন চক্র প্রতি কোনো চাঁদাদাতার থেকে সর্বাধিক যে পরিমাণ অর্থ গ্রহণ করতে পারেন তা হল মেয়র, পাবলিক অ্যাডভোকেট, বা কম্পট্রোলার পদপ্রার্থীদের জন্য $3,500; বরো প্রেসিডেন্ট পদপ্রার্থীদের জন্য $2,500; এবং সিটি কাউন্সিলের পদপ্রার্থীদের জন্য $1,500। অংশগ্রহণকারী প্রার্থীদের প্রস্তাবিত চাঁদার সীমা যারা অংশগ্রহণ করছেন না তাদের চেয়ে কম, কারণ শুধুমাত্র অংশগ্রহণকারী প্রার্থীরাই সমতুল্য সরকারি অর্থায়ন গ্রহণের যোগ্য। প্রস্তাবিত সংশোধনীটি কর্পোরেশন, LLC ও অংশীদারিগুলির চাঁদা দেওয়ার নিষেধাজ্ঞা এবং তদবিরকারী ও যারা সিটির সঙ্গে ব্যবসা করছেন তাদের চাঁদার উপর সীমা সহ চাঁদাদাতার পরিচয়ের উপর নির্ভরশীল বিদ্যমান নিষেধাজ্ঞা ও সীমা বদলাবে না। তদতিরিক্ত, যাবতীয় চাঁদা দেওয়ার সীমা মুদ্রাস্ফীতি অনুসারে সূচিভুক্ত হতে থাকবে।

| দপ্তর | বর্তমান সীমা | প্রস্তাবিত সীমা (অংশগ্রহণকারী) | প্রস্তাবিত সীমা (যারা অংশগ্রহণ করছেন না) |
|---|---|---|---|
| সিটি জুড়ে থাকা দপ্তরগুলি | $5,100 | $2,000 | $3,500 |
| বরো প্রেসিডেন্ট | $3,950 | $1,500 | $2,500 |
| সিটি কাউন্সিল | $2,850 | $1,000 | $1,500 |

**সমতুল্য সরকারি অর্থায়নের সূত্র।** বর্তমানে, যে অংশগ্রহণকারী প্রার্থীরা নির্দিষ্ট যোগ্যতার সীমা পূরণ করেন তারা চাঁদাদাতা পিছু প্রথম $175 এর জন্য প্রতি $1 সমতুল্য চাঁদার জন্য $6 করে সরকারি অর্থায়ন পাওয়ার যোগ্য। এইভাবে, একটি $500 চাঁদা বর্তমানে $1,050 সরকারি অর্থায়নের সমতুল্য (6 x $175), যার থেকে প্রার্থীর মোট সংগ্রহ হয় $1,550।

প্রস্তাবিত চার্টার সংশোধনীর অধীনে, তুলনীয় সরকারি অর্থায়নের পরিমাণ সিটি জুড়ে থাকা দপ্তরগুলির ক্ষেত্রে প্রতি চাঁদাদাতা পিছু প্রথম $250 পর্যন্ত চাঁদার জন্য প্রার্থীদের এবং বরো প্রেসিডেন্ট বা সিটি কাউন্সিলের ক্ষেত্রে প্রতি চাঁদাদাতা পিছু প্রথম $175 পর্যন্ত চাঁদার জন্য প্রতি $1 বেসরকারি চাঁদা পিছু বাড়িয়ে $8 করা হবে। এইভাবে, সিটি জুড়ে থাকা দপ্তরগুলির ক্ষেত্রে প্রার্থীকে দেওয়া একটি $500 চাঁদা বর্তমানে $2,000 সরকারি অর্থায়নের সমতুল্য (8 x $250), যার থেকে প্রার্থীর মোট সংগ্রহ হয় $2,500 এবং বরো প্রেসিডেন্ট বা সিটি কাউন্সিলের ক্ষেত্রে একটি $500 চাঁদা বর্তমানে $1,400 সরকারি অর্থায়নের সমতুল্য (8 x $175), যার থেকে প্রার্থীর মোট সংগ্রহ হয় $1,900। প্রস্তাবিত সংশোধনীতে কিছু নির্দিষ্ট চাঁদাকে, যেমন তদবিরকারীদের অথবা যারা সিটির সঙ্গে ব্যবসা করছে তাদের থেকে নেওয়া চাঁদা, সমতুল্য সরকারি অর্থায়নের অযোগ্য করে তোলে এমন বিদ্যমান আইনের বদল ঘটাবে না।

| দপ্তর | বর্তমান তুল্য পরিমাণ | প্রস্তাবিত তুল্য পরিমাণ |
|---|---|---|
| সিটি জুড়ে থাকা দপ্তরগুলি | প্রথম $175 এর জন্য 6:1 | প্রথম $250 এর জন্য 8:1 |
| বরো প্রেসিডেন্ট | প্রথম $175 এর জন্য 6:1 | প্রথম $175 এর জন্য 8:1 |
| সিটি কাউন্সিল | প্রথম $175 এর জন্য 6:1 | প্রথম $175 এর জন্য 8:1 |

**সরকারি অর্থায়নের সর্বোচ্চ পরিমাণ ("সরকারি অর্থায়নের সীমা")।** বর্তমান আইনের অধীনে, একজন অংশগ্রহণকারী প্রার্থীর নির্বাচন প্রতি মোট সমতুল্য সরকারি অর্থায়নের সীমা যে দপ্তরের জন্য তিনি অংশগ্রহণকারী প্রার্থী হচ্ছেন তার প্রযোজ্য খরচের সীমার 55% সীমিত করা হয়। প্রস্তাবিত সংশোধনীর অধীনে, একজন অংশগ্রহণকারী প্রার্থীর নির্বাচন প্রতি মোট সমতুল্য সরকারি অর্থায়নের সীমা যে দপ্তরের জন্য তিনি অংশগ্রহণকারী প্রার্থী হচ্ছেন তার প্রযোজ্য খরচের সীমার 55% থেকে বাড়িয়ে 75% করা হয়েছে। এইভাবে, মুদ্রাস্ফীতি অনুসারে সূচিভুক্ত হওয়া ও এই সংশোধনীতে

বদল না ঘটানো বর্তমান খরচের সীমার ভিত্তিতে প্রার্থীদের জন্য উপলব্ধ সমতুল্য সরকারি অর্থায়নের সর্বোচ্চ পরিমাণ নীচের টেবিলে যেমন দেখানো হয়েছে তদনুসারে বৃদ্ধি পাবে:

| **দপ্তর** | **বর্তমান সরকারি অর্থায়নের সীমা (খরচের সীমার 55%)** | **প্রস্তাবিত সরকারি অর্থায়নের সীমা (খরচের সীমার 75%)** |
|---|---|---|
| মেয়র | $4,007,300 | $5,464,500 |
| কম্পট্রোলার বা পাবলিক অ্যাডভোকেট | $2,505,250 | $3,416,250 |
| বরো প্রেসিডেন্ট | $902,000 | $1,230,000 |
| সিটি কাউন্সিল | $104,500 | $142,500 |

**যোগ্য হওয়ার সীমা।** সরকারি অর্থায়নের যোগ্য হতে অংশগ্রহণকারী প্রার্থীদের বর্তমানে এমন তুল্য পরিমাণ চাঁদা তুলতে হবে যার মোট পরিমাণ, দাতা পিছু কেবল প্রথম $175 ধর্তব্যে এনে, অন্তত একটি নির্দিষ্ট ডলার পরিমাণ (যা দপ্তর অনুযায়ী বদলায়) হওয়া আবশ্যক। প্রস্তাবিত সংশোধনী আর্থিক সীমার বদল ঘটাবে না, কিন্তু সিটি জুড়ে থাকা দপ্তরগুলির ক্ষেত্রে তা প্রার্থীদের দাতা পিছু প্রথম $250 ধর্তব্যে আনার অনুমতি দেবে যা সেই দপ্তরগুলির জন্য সমতুল্যতার সূত্রে বদল নিয়ে আসবে। এতে সিটি জুড়ে থাকা দপ্তরগুলির ক্ষেত্রে প্রার্থীদের সমতুল্য অর্থায়নের যোগ্য হওয়া কিছুটা সহজ হবে।

**সরকারি অর্থায়নের বিতরণের নির্ধারিত সময়।** বর্তমান আইনের অধীনে, যে অংশগ্রহণকারী প্রার্থীরা সরকারি অর্থায়ন পাওয়ার যোগ্যতার সীমা পূরণ করবেন ("যোগ্য প্রার্থীগণ"), তারা নির্বাচনের বছরের জুন মাসে সরকারি অর্থায়নের প্রাথমিক বিতরণ পাওয়ার যোগ্য হবেন। এই বিতরণ মেয়র পদপ্রার্থীদের জন্য $250,000-এ, কম্পট্রোলার ও পাবলিক অ্যাডভোকেট পদপ্রার্থীদের জন্য $125,000-এ, বরো প্রেসিডেন্ট পদপ্রার্থীদের জন্য $50,000-এ ও সিটি কাউন্সিলের পদপ্রার্থীদের জন্য $10,000-এ সীমিত করা হয়। অবশিষ্ট সরকারি অর্থায়ন প্রাইমারি ব্যালটের আবেদন দাখিল করার দুসপ্তাহ পর পর্যন্ত বিতরণ করা হয় না, যা সাধারণত নির্বাচনের বছরের আগস্টের প্রথমদিকে পড়ে, যা প্রাইমারির প্রায় পাঁচ থেকে ছয় সপ্তাহ আগে।

প্রস্তাবিত সংশোধনীগুলি যোগ্য প্রার্থীদের নির্বাচনের বছরের জুন, আগস্ট ও তার পরের সঙ্গে ফেব্রুয়ারী ও এপ্রিলেও সমতুল্য সরকারি অর্থায়ন পাওয়ার সুযোগ করে দেবে এবং আগস্টের আগের অর্থায়ন বিতরণের অর্থের সীমা তুলে নেবে। তৎসত্ত্বেও, যোগ্য প্রার্থীরা নির্বাচনের বছরের আগস্টের আগে সরকারি অর্থায়নের বিতরণ পাওয়ার যোগ্য হবে না যদি না তারা অর্থায়নের চাহিদা প্রত্যয়িত করা একটি শংসিত বিবৃতি জমা দেন এবং দেখাতে পারেন যে তারা বর্তমান আইনের সেই প্রয়োজনীয়তা পূরণ করছেন যেটি অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ সরকারি অর্থায়নের বেশি চাইছেন এমন প্রার্থীদেরকে

দেখাতে হয় যে তার একজন সমর্থ প্রতিপক্ষ রয়েছেন অথবা তিনি একটি মুক্ত নির্বাচনে তারা যে একজন সনাক্ত করা প্রতিপক্ষের বিরুদ্ধে লড়ছেন।

**রূপায়ন।** প্রচারের অর্থ সংক্রান্ত চার্টারের প্রস্তাবিত সংশোধনীগুলি সেইসব অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য প্রযোজ্য হবে যারা 2021 সালের প্রাইমারি নির্বাচন থেকে শুরু হতে চলা তাদের প্রচারগুলির জন্য সংশোধনীগুলি প্রযোজ্য হওয়া বেছে নেবেন। তারপর 2022 সালের শুরু থেকে সংশোধনীগুলি সকল প্রার্থীর জন্যই প্রযোজ্য হবে। যে সকল প্রার্থী 2021 প্রাইমারি ও সাধারণ নির্বাচনের জন্য সংশোধনী-পরবর্তী ব্যবস্থার অধীনে কাজ করা বেছে নেবেন তাদেরকে 12 জানুয়ারী, 2019 তারিখের আগে প্রাপ্ত প্রচারের যে কোনো চাঁদা ধরে রাখার অনুমতি দেওয়া হবে, সেইসব চাঁদা যতটা সংশোধনী-পূর্ববর্তী আইন মেনে চলেছে সেই মাত্রা পর্যন্ত, এবং সেইসব চাঁদা সংশোধনী-পূর্ববর্তী আইনের অধীনে সমতুল্য সরকারি অর্থ পাওয়ার যোগ্য হবে।

### ***প্রশ্ন # 2: নাগরিক অংশগ্রহণ কমিশন এর সংক্ষিপ্তসার***

এই প্রস্তাবটি নিউ ইয়র্ক সিটিতে নাগরিকদের অংশগ্রহণ বাড়াতে, নাগরিকদের আস্থার প্রচার করতে ও গণতন্ত্রকে সুদৃঢ় করতে একটি নাগরিক অংশগ্রহণ কমিশন (Civic Engagement Commission) প্রতিষ্ঠা করবে। এই কমিশন 15 জন সদস্য নিয়ে গঠিত হবে। 15 জন সদস্যের মধ্যে মেয়র আটজন সদস্যকে নিয়োগ করবেন, যার মধ্যে বৃহত্তম রাজনৈতিক দলের অন্তত একজন সদস্য এবং দ্বিতীয় বৃহত্তম রাজনৈতিক দলের অন্তত একজন সদস্য থাকবেন; সিটি কাউন্সিলের স্পীকার দুজন সদস্যকে নিয়োগ করবেন; এবং প্রতিটি বরোর প্রেসিডেন্ট একজন করে সদস্য নিয়োগ করবেন। মেয়র, স্পীকার ও বরো প্রেসিডেন্টদের সেইসব প্রার্থীর কথা বিবেচনা করতে হবে যারা অভিবাসীগণ, ইংরেজির দক্ষতা সীমাবদ্ধ এমন ব্যক্তিগণ, প্রতিবন্ধীগণ, শিক্ষার্থীগণ, যুবক-যুবতীগণ, প্রবীণ ব্যক্তিগণ, প্রাক্তন সৈনিকগণ, কমিউনিটি গোষ্ঠীবর্গ, সু-প্রশাসন গোষ্ঠীবর্গ, নাগরিক অধিকার সংক্রান্ত আইনজীবীগণ এবং অন্যথায় সিটি সরকারে ঐতিহাসিকভাবে স্বল্প-প্রতিনিধিত্বযুক্ত বা স্বল্প-পরিষেবাপ্রাপ্ত এমন শ্রেণীর আবাসিকদের প্রতিনিধি অথবা যাদের তাদের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা রয়েছে।

কমিশনের সদস্যগণের, যাদের সিটির বাসিন্দা হওয়া আবশ্যক, কোনো রাজনৈতিক দলের আধিকারিক হিসেবে কাজ করা অথবা মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট বা সিটি কাউন্সিলের দপ্তরের প্রার্থী হিসেবে মনোনীত বা নির্বাচিত হওয়া নিষিদ্ধ হবে। যে প্রাথমিক নিযুক্ত ব্যক্তিগণের মেয়াদ 1 এপ্রিল, 2019 থেকে শুরু হবে তাদের মেয়াদ দুই থেকে চার বছর হবে, তারা ব্যতিরেকে প্রধান ভিন্ন অন্য কমিশনাররা যারা মেয়রের পরিতোষে কাজ করবেন, তাদের কার্যকালের মেয়াদ হবে চার বছর। এতে সদস্যদের মেয়াদ পৃথক পৃথক বছরে শেষ হওয়া নিশ্চিত হবে, যার উদ্দেশ্য হল কমিশনের সার্বিক পরিবর্তন প্রতিরোধ করা এবং ধারাবাহিকতাকে তুলে ধরা।

মেয়র সিভিক এনগেজমেন্ট কমিশনে নিজের নিযুক্ত ব্যক্তিদের মধ্যে থেকে একজনকে প্রধান মনোনীত করবেন যিনি একজিকিউটিভ ডিরেক্টর হিসেবেও কাজ করবেন। প্রধান/একজিকিউটিভ ডিরেক্টরের হাতে দপ্তর সংগঠন ও কর্মী নিয়োগের দায়িত্ব থাকবে।

অনুমোদন সাপেক্ষে সিভিক এনগেজমেন্ট কমিশনের নিম্নলিখিত ক্ষমতা ও দায়িত্ব থাকবে:

- মেয়র দ্বারা প্রতিষ্ঠিত সিটি জুড়ে থাকা বাজেট তৈরির কার্যক্রম রূপায়িত করা, যা 1 জুলাই, 2020 তারিখে শুরু হওয়া অর্থবর্ষের মধ্যে রূপায়ন করতে হবে, বাজেট তৈরির একটি উপদেষ্টা কমিটি প্রতিষ্ঠা করা;
- কমিউনিটি-ভিত্তিক সংগঠনগুলি, প্রতিষ্ঠানসমূহ এবং সরকারি ও বেসরকারি ক্ষেত্রের নাগরিক নেতাদের তাদের নাগরিক অংশগ্রহণের প্রয়াসে সহায়তা ও অংশীদারিত্বের জন্য নতুন উদ্যোগ তৈরি করা;
- এর কার্যক্রম ও পরিষেবাসমূহ তৈরি ও রূপায়ন করার জন্য সীমাবদ্ধ ইংরেজি ভাষার দক্ষতার নিউ ইয়র্ক-বাসীদের ভাষার প্রবেশযোগ্যতার চাহিদার কথা বিবেচনা করতে একটি পরিকল্পনা তৈরি করা;
- 2020 সালের সাধারণ নির্বাচনে নিউ ইয়র্ক সিটির যাবতীয় ভোটগ্রহণ কেন্দ্রে দোভাষীর ব্যবস্থা করার জন্য একটি কার্যক্রম এবং সেরূপ কার্যক্রমের সুপারিশ করার জন্য একটি ভাষা সহায়তা উপদেষ্টা কমিটি প্রতিষ্ঠা করা; এবং
- সিটির পরিষেবাগুলির সচেতনতা ও প্রবেশযোগ্যতা বৃদ্ধি করতে, নাগরিকদের অংশগ্রহণের উদ্যোগগুলি তৈরিতে ও প্রচারে সংস্থাগুলিকে সহায়তা করতে এবং নাগরিকদের অংশগ্রহণের সুযোগ সংক্রান্ত সরকারি তথ্যের কেন্দ্রীকরণের কৌশল তৈরিতে নিউ ইয়র্ক সিটি সংস্থাগুলির অংশীদার হিসেবে কাজ করা।

কমিশনকে অংশগ্রহণমূলক বাজেট তৈরি, ভোটগ্রহণ কেন্দ্রে ভাষা সহায়তা এবং প্রাসঙ্গিক মনে হয় এমন যে কোনো তথ্য সম্পর্কেও বার্ষিক রিপোর্ট প্রদান করতে হবে।

মেয়রের কাছে বর্তমানে মেয়রের দপ্তর বা যে বিভাগের প্রধানকে মেয়র নিয়োগ করেছেন এমন বিভাগ দ্বারা সম্পাদিত যে কোনো সম্পর্কিত ক্ষমতা ও দায়িত্ব নির্বাহী আদেশের বলে কমিশনের কাছে হস্তান্তরের অনুমতি থাকবে। মেয়রের সংস্থাগুলিকে কমিশনকে তার কাজকর্মগুলির সম্পাদনে সহযোগিতা করতে ও সহায়তা পেশ করতে হবে।

ভোটারদের দ্বারা অনুমোদিত হলে এই সংশোধনীগুলি 1 এপ্রিল, 2019 থেকে কার্যকর হবে।

## *প্রশ্ন #3: কমিউনিটি বোর্ডগুলির সংক্ষিপ্তসার*

সিটির কমিউনিটি বোর্ডগুলি হল উপদেষ্টা সংস্থা, সিটি চার্টারে যাদের জমির ব্যবহার সহ বিভিন্ন বিষয়ে আনুষ্ঠানিক ভূমিকার সংজ্ঞা দেওয়া রয়েছে। চার্টারের এই সংশোধনীটি যা করবে: (ক) নতুন মেয়াদের সীমা ব্যবস্থায় প্রাথমিক অবস্থান্তরের কিছু নির্দিষ্ট ব্যতিক্রম ছাড়া কমিউনিটি বোর্ডের সদস্যদের সর্বাধিক চারটি টানা দুবছরের পূর্ণ মেয়াদের মেয়াদ সীমা আরোপ করবে; (খ) বরো প্রেসিডেন্টদেরকে কমিউনিটি বোর্ডগুলিতে নিয়োগের জন্য বৈচিত্র্যপূর্ণ পটভূমির থেকে আসা ব্যক্তিদের খোঁজ করতে এবং এরূপ নিয়োগ সংক্রান্ত আবেদন ও রিপোর্ট করার আদেশসমূহ ঘোষণা করতে হবে; এবং (গ) প্রস্তাবিত সিভিক এনগেজমেন্ট কমিশনকে কমিউনিটি বোর্ডগুলিকে জমির ব্যবহার ও অন্যান্য বিষয় সংক্রান্ত সংস্থান, সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করতে হবে।

**মেয়াদ সীমাসমূহ।** কমিউনিটি বোর্ডের সদস্যদের বরো প্রেসিডেন্টদের দ্বারা, সিটি কাউন্সিলের সদস্যদের ও সামাজিক গোষ্ঠীগুলির মতামত সহযোগে নিয়োগ করা হয়। প্রতিটি কমিউনিটি ডিসট্রিক্টের জন্য, বরো প্রেসিডেন্ট কমিউনিটি বোর্ডের 50 জন পর্যন্ত সদস্যকে দুবছরের পৃথক পৃথক মেয়াদে নিয়োগ করেন। বর্তমানে চার্টারে কমিউনিটি বোর্ডের সদস্যদের মেয়াদের কোনো সীমা আরোপ করা নেই। এই প্রস্তাবটি কমিউনিটি বোর্ডের সদস্যদের টানা চারটি দুবছরের মেয়াদে নিয়োগের সীমা বেঁধে দেবে, যে নিয়োগ বা পুনর্নিয়োগগুলির মেয়াদ 1 এপ্রিল, 2019 তারিখ থেকে শুরু হবে। যদিও, 1 এপ্রিল, 2020 তারিখ থেকে শুরু হতে চলা মেয়াদগুলির জন্য নিযুক্ত বা পুনর্নিযুক্ত সদস্যদেরকে 2027 ও 2028 সালের কমিউনিটি বোর্ডের সদস্যপদে ব্যাপক পরিবর্তন এড়াতে টানা পাঁচটি পর্যন্ত দু'বছরের মেয়াদের জন্য পুনর্নিয়োগ করা হতে পারে। 1 এপ্রিল, 2020 তারিখের পরে শুরু হতে চলা মেয়াদগুলির জন্য নিয়োগগুলি টানা চারটি দুবছরের মেয়াদের সীমা সাপেক্ষে করা হবে। এই মেয়াদের সীমাগুলি কেবলমাত্র সম্ভাব্য; 1 এপ্রিল, 2019 বা 1 এপ্রিল, 2020 তারিখের আগে সেবারত মেয়াদগুলিকে ঐ তারিখগুলিতে শুরু হওয়া মেয়াদ সীমাগুলির গণনায় ধর্তব্যে আনা যাবে না। তদতিরিক্ত, যে সদস্যগণ টানা সর্বাধিক সংখ্যক মেয়াদে সেবারত থেকেছেন তাদেরকে একটি পূর্ণ মেয়াদ দপ্তরের বাইরে থাকার পর আর পুনর্নিযুক্ত হওয়া থেকে আটকানো যাবে না।

**নিয়োগ প্রক্রিয়া।** চার্টারে কমিউনিটি বোর্ডের সদস্যদের মনোনয়ন ও নিয়োগের বন্দোবস্ত রয়েছে। চার্টারের অধীনে, বরো প্রেসিডেন্টকে কমিউনিটি ডিসট্রিক্টের মধ্যে বিভিন্ন ভৌগোলিক অংশ ও পাড়া থেকে যথেষ্ট সংখ্যক প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে এবং নিয়োগের সমষ্টি কমিউনিটির সকল অংশের ন্যায্য প্রতিনিধিত্ব করে কিনা তা বিবেচনা করতে হবে। সদস্যদের সিটিতে বসবাস করা এবং কমিউনিটি ডিসট্রিক্টে বাসস্থান, ব্যবসা, পেশাগত বা অন্যান্য গুরুত্বপূর্ণ স্বার্থ বজায় রাখা আবশ্যক। নিযুক্ত সদস্যদের অনূর্ধ্ব 25% সিটির কর্মচারী হতে পারেন এবং এদের কেউই বরো প্রেসিডেন্টের বা মনোনয়নকারী সিটি কাউন্সিল সদস্যের কর্মচারী হতে পারবেন না। সদস্যদের অন্তত 16 বছর বয়সী হওয়া আবশ্যক এবং প্রতিটি কমিউনিটি বোর্ডের দুজনের বেশি সদস্য 18 বছরের কমবয়সী হতে পারবেন না।

এই প্রস্তাব অনুসারে বরো প্রেসিডেন্টদেরকে কমিউনিটি বোর্ডে নিয়োগের আবেদন করা জন্য বৈচিত্র্যপূর্ণ পটভূমির ব্যক্তিদের খোঁজ করতে হবে, যার মধ্যে পড়ে জাতি, জাতিগোষ্ঠী, লিঙ্গ, বয়স, প্রতিবন্ধকতার স্থিতি, যৌন ঝোঁক ও ভাষা, ও সেইসঙ্গে বরো প্রেসিডেন্ট যে সব বিষয়কে কমিউনিটি বোর্ডে স্বল্প-প্রতিনিধিত্বসম্পন্ন গোষ্ঠী ও কমিউনিটিসমূহের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে উন্নীত করার জন্য জরুরি বলে বিবেচনা করবেন সেগুলি।

এই প্রস্তাবটিতে বরো প্রেসিডেন্টদের কমিউনিটি বোর্ডের সদস্যপদের আবেদনপত্র ওয়েবসাইটেও উপলব্ধ করতে হবে এবং আবেদনপত্রগুলিতে আবেদনকারী সম্পর্কে কিছু নির্দিষ্ট তথ্যের অনুরোধ করতে হবে: নাম; ঠিকানা; কমিউনিটি ডিসট্রিক্টে বাসস্থান, ব্যবসা, পেশা বা অন্য কোনো জরুরি স্বার্থ; কোনো কমিউনিটি বোর্ডে পূর্ব-সেবা; বয়স; কাজের ও শিক্ষার ইতিহাস, বিশেষ দক্ষতা, ও পেশাদারী লাইসেন্স; প্রাসঙ্গিক পেশাদারী, নাগরিক বা সামাজিক নিয়োজনের অভিজ্ঞতা; অতিরিক্ত জনসংখ্যা সংক্রান্ত তথ্য, যা আবেদনকারী প্রকাশ করা বেছে নেবেন, তা প্রদানের একটি বিকল্প; এবং কোনো অতিরিক্ত তথ্য যা বরো প্রেসিডেন্ট আবেদন প্রক্রিয়ায় প্রাসঙ্গিক বা জরুরি বলে নির্ধারণ করবেন। এই আবেদনপত্রে একটি বিবৃতি, যাতে আবেদনকারীর সেই পদের প্রতি আগ্রহ, সিটিতে নিযুক্তি ও সম্ভাব্য স্বার্থের সংঘাত প্রকাশের বর্ণনা করা থাকবে এবং একটি শংসায়ন, যে আবেদনকারী এই পদের যাবতীয় প্রয়োজনীয়তা পূরণ করেন এবং যাবতীয় প্রযোজ্য স্বার্থের সংঘাত আইন মেনে চলবেন, অন্তর্ভুক্ত করারও প্রয়োজন হবে।

তদতিরিক্ত, এই প্রস্তাবে বরো প্রেসিডেন্টদের, 1 জুলাই, 2019 থেকে শুরু করে ও তৎপরবর্তীতে বার্ষিক হিসেবে, কমিউনিটি বোর্ডের সদস্যপদ এবং নিযুক্তি ও নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য প্রকাশ করে এমন একটি রিপোর্ট মেয়র ও সিটি কাউন্সিলের স্পীকারের কাছে জমা দিতে এবং বরো প্রেসিডেন্টদের ওয়েবসাইটে উপলব্ধ করতে হবে। এই রিপোর্টের অন্তর্ভুক্ত হবে: কমিউনিটি বোর্ডের সদস্যদের খালি পদের সংখ্যা, কমিউনিটি বোর্ডের সদস্যদের মুক্ত পদগুলির জন্য আবেদনকারীর সংখ্যা, সাক্ষাৎকার নেওয়া আবেদনকারীর সংখ্যা, এবং সদস্যদের নাম ও তাদের নিয়োগ বা পুনর্নিয়োগের তারিখ, সেবার সময়কালের দৈর্ঘ্য, মনোনয়নকারী সিটি কাউন্সিল সদস্য বা অন্য কোনো মনোনয়নকারী পক্ষ এবং কমিউনিটি বোর্ডের নেতৃত্ব পদগুলি, যদি কিছু থাকে। এই রিপোর্টে কমিউনিটি বোর্ডের সদস্যদের সম্পর্কে যে জনসংখ্যাগত তথ্য স্বেচ্ছায় প্রকাশ করা হয়েছে; বরো প্রেসিডেন্টের প্রার্থীদের নিয়োগ করা ও খালি পদ পূরণ করার পরিকল্পনা, যার মধ্যে পড়ে প্রচারের প্রয়াস এবং প্রার্থীদের বৈচিত্র্যপূর্ণ ও অন্তর্ভুক্তিকর দলকে উন্নীত করায় ব্যবহৃত পদ্ধতিসমূহ; সদস্যদের বেছে নিতে বরো প্রেসিডেন্টের ব্যবহৃত মূল্যায়নের মাপকাঠির একটি সাধারণ বর্ণনা; এবং নির্বাচন প্রক্রিয়ায় বস্তুনিষ্ঠতা উন্নীত করতে বরো প্রেসিডেন্টের ব্যবহৃত সাধনীসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

**সহায়তা ও প্রশিক্ষণ।** এই প্রস্তাবে সিভিক এনগেজমেন্ট কমিশনকে, অনুমোদন এবং সিটি প্ল্যানিং বিভাগ ও অন্যান্য প্রাসঙ্গিক সিটি সংস্থাগুলি এবং প্রয়োগসাধ্যতার সীমার মধ্যে বরো প্রেসিডেন্টদের পরামর্শ ও সহযোগিতা সাপেক্ষে, বর্তমানে সিটি

সংস্থাগুলির দ্বারা প্রদত্ত সহায়তার প্রকারের বাইরে কমিউনিটি বোর্ডগুলিকে সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করতে হবে। সিভিক এনগেজমেন্ট কমিশনকে নগর পরিকল্পনা ও জমির ব্যবহার সংক্রান্ত অন্যান্য প্রযুক্তিগত সহায়তা প্রদানের জন্য যোগ্য সংস্থাগুলো, পেশাদার কর্মী সদস্য বা পরামর্শদাতাদের চিহ্নিত করতে এবং অনুরোধ করা হলে কমিউনিটি বোর্ডগুলিকে এই ধরণের পরিষেবা প্রদানের কার্যক্রম পরিচালিত করতে হবে। একে প্রয়োগসাধ্যতার সীমার মধ্যে নিশ্চিত করতে হবে যে এই ধরণের সহায়তা যেন সকল কমিউনিটি বোর্ডকেই তাদের চাহিদা ও উদ্দেশ্যগুলির সঙ্গে সামঞ্জস্য রাখে এমন উপায়ে প্রদান করতে এবং কমিউনিটি বোর্ডগুলিকে তাদেরকে প্রদত্ত সহায়তা সংক্রান্ত ফিডব্যাক দেওয়ার উপায় প্রদান করতে হবে। সিভিক এনগেজমেন্ট কমিশনকে মেয়রের অভিবাসী বিষয়ক দপ্তরের পরামর্শে ইংরেজিতে সীমাবদ্ধ দক্ষতার ব্যক্তিদের চাহিদা পূরণের জন্য কমিউনিটি বোর্ডগুলির দ্বারা অনুরোধ করা কর্মীদের প্রশিক্ষণ ও ভাষা সহায়তার সাধনীর মতো পরিষেবাগুলিকে চিহ্নিত করতে ও প্রদান করতে হবে। প্রস্তাবটির এই উপাদানটি কেবল তখনই কার্যকর হবে যখন এই ব্যালট প্রশ্ন এবং সিভিক এনগেজমেন্ট কমিশন প্রতিষ্ঠাকারী ব্যালট প্রশ্ন উভয়ই অনুমোদিত হয়।

এই প্রস্তাবে কমিউনিটি বোর্ডগুলিকে আসন্ন বৈঠকগুলির যথেষ্ট সরকারি বিজ্ঞপ্তি, বিগত বারো মাসে হওয়া বৈঠকগুলির কার্যবিবরণী ও যোগাযোগের তথ্য প্রদান করা ওয়েবসাইটগুলিও বজায় রাখতে হবে। তথ্য প্রযুক্তি ও টেলিযোগাযোগ বিভাগ (Information Technology and Telecommunications - DOITT)-কে ওয়েবসাইটগুলি রক্ষণাবেক্ষণের জন্য প্রযুক্তি সহায়তা এবং বরো প্রেসিডেন্টদেরকে কমিউনিটি বোর্ডের আবেদনপত্রগুলি অনলাইনে উপলব্ধ রাখায় সহায়তা প্রদান করতে হবে।

**কার্যকর হওয়ার তারিখ।** এইসব সংশোধনী 1 জানুয়ারী, 2019 তারিখ থেকে কার্যকর হবে, সিভিক এনগেজমেন্ট কমিশনের কমিউনিটি বোর্ডগুলিকে সংস্থান প্রদানের প্রয়োজন সেগুলি বাদে, যেগুলি 1 এপ্রিল, 2019 তারিখ থেকে কার্যকর হবে।